সত্যের আধুনিক প্রকাশ

◆

মা ক তা বা তু ল ফু র কা ন

www.islamibooks.com

مكتبة الفرقان

# এসো দ্বীন শিখি

ছোটদের ঈমান, কুরআন, ইবাদাত
আদব ও আখলাকের পাঠ

## হামদুল্লাহ লাবীব

MAKTABATUL FURQAN
PUBLICATIONS
ঢাকা, বাংলাদেশ



শিশু-কিশোর সিরিজ এসো দ্বীন শিখি

**মাকতাবাতুল ফুরকান** কর্তৃক প্রকাশিত
১০ প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা
www.islamibooks.com
maktabfurqan@gmail.com
+8801733211499

**গ্রন্থস্বত্ব © ২০২২ মাকতাবাতুল ফুরকান**

প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত ব্যবসায়িক উদ্দেশ্যে বইটির কোনো অংশ স্ক্যান করে ইন্টারনেটে আপলোড করা কিংবা ফটোকপি বা অন্য কোনো উপায়ে প্রিন্ট করা অবৈধ এবং দণ্ডনীয় অপরাধ।

দ্যা ব্ল্যাক, ঢাকা, বাংলাদেশ এ মুদ্রিত; +৮৮০১৭৩০৭০৬৭৩৫
প্রথম প্রকাশ : রবিউস সানি ১৪৪৪ / নভেম্বর ২০২২
প্রচ্ছদ : কাজী যুবাইর মাহমুদ; +৮৮০১৩১৭৯৪২৪১৭
প্রুফ সংশোধন : ফুরকান সম্পাদনা পরিষদ
ISBN : 978-984-91176-9-8
মূল্য : ৳ ২০০ (দুই শত টাকা) USD 10.00

**অনলাইন পরিবেশক**
www.islamibooks.com; www.rokomari.com
www.wafilife.com

# প্রকাশকের কথা

اَلْحَمْدُ لِلّٰهِ وَكَفٰى وَسَلَامٌ عَلٰى عِبَادِهِ الَّذِيْنَ اصْطَفٰى

শিশু-কিশোরদের কিছু করতে পারার আনন্দই আলাদা। এটি তাদের নিষ্পাপ-পবিত্র চেহারার মতোই অন্তরে দ্যুতি ছড়ায়, মনকে সতেজ করে। আর যদি বইপত্র প্রকাশের মাধ্যমে এ কাজে সংযুক্ত হওয়া সম্ভব হয়, তাহলে মানুষের মতো প্রতিষ্ঠানও সমৃদ্ধ হয়, দেশ ও জাতির প্রতি আশৈশব ঋণের বোঝা হালকা হয়। *মাকতাবাতুল ফুরকান* এ কাজে শুরু থেকেই সচেষ্ট। বক্ষ্যমাণ বইটিতে—*এসো দ্বীন শিখি*—শিশু-কিশোরদের দ্বীন শিক্ষা ও তাদের চরিত্র গঠনে মৌলিক কিছু বিষয়বস্তু বর্ণনা করা হয়েছে। কুরআন-হাদীসের আলোকে সংকলিত এমনসব বিষয়ই এখানে সংযুক্ত করা হয়েছে যা শিশু-কিশোরদের জীবনের শুরুতেই জানা প্রয়োজন। বিষয়বস্তুর পরম্পরা ও গুরুত্ব বিবেচনায় বইটিকে যে কোনো শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্যবই হিসেবেও অন্তর্ভুক্ত করা যেতে পারে।

গ্রন্থটি সংকলন করেছেন এদেশের তরুন ও প্রতিভাবান লেখক ও অনুবাদক মাওলানা হাদুল্লাহ লাবীব। ইতোমধ্যে *মাকতাবাতুল ফুরকান* থেকে তার আরও কয়েকটি জনপ্রিয় বই প্রকাশিত হয়েছে। তার সমকালীন চিন্তা-ভাবনা ও কর্মস্পৃহা সত্যিই প্রশংসনীয়। আল্লাহ তার কাজে আরও বরকত দিন এবং কবুল করেন।

আমরা বইটি ত্রুটিমুক্ত ও সর্বাঙ্গীণ সুন্দর করার সার্বিক চেষ্টা করেছি। তারপরও সুহৃদয় পাঠকের দৃষ্টিতে কোনো অসঙ্গতি ধরা পড়লে আমাদের জানানোর অনুরোধ করা হলো। আল্লাহ তাআলা এই বইটিকে কবুল করেন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

**মুহাম্মাদ আদম আলী**
প্রকাশক, মাকতাবাতুল ফুরকান
১০ নভেম্বর ২০২২





# কিছু কথা

আলহামদুলিল্লাহ। আল্লাহ তাআলার অপার অনুগ্রহ ও দয়ায় *এসো দ্বীন শিখি* বইটির কাজ শেষ হলো। এখন সেটি প্রকাশিত হয়ে প্রিয় শিশু-কিশোরদের হাতে যাবার অপেক্ষায়।

বাংলাভাষায় শিশু-কিশোরদের দ্বীনী তালীম-তারবিয়াতের প্রয়োজনীয় বইপত্র অপ্রতুল। তদের কাছে কীভাবে আরও সহজ ও সাবলীলভাবে দ্বীন-ইসলামের মৌলিক বিষয়গুলো উপস্থাপন করা যায়, কুরআনের শিক্ষাকে কীভাবে আরও আকর্ষণীয় ও ব্যাপক করা যায়—এ নিয়ে প্রায় সকল শিক্ষক ও অভিভাবকই চিন্তিত। ইবাদতের আলোচনাগুলো সংক্ষিপ্তভাবে উপস্থাপন করে তাদের সেদিকে ধাবিত করাও জরুরী। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে ইসলামী আদব, আখলাক ও শিষ্টাচারের অফুরন্ত ভাণ্ডারও তাদের কাছে মেলে ধরা দরকার। কিন্তু পাশ্চাত্যের আগ্রাসনে এখন সেটি দিন দিন জটিল হয়ে উঠছে।

*এসো দ্বীন শিখি* বইটি আশা করছি এক্ষেত্রে কার্যকরী ভূমিকা রাখতে সক্ষম হবে। পাঁচটি অধ্যায়ে সাজানো হয়েছে বইটি। প্রথম অধ্যায়ে ইসলামী আকিদা-বিশ্বাসের মৌলিক কথাগুলো অল্প কথায় ছোটদের বোধগম্য ঢঙে তোলে ধরা হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে কুরআনের পরিচয়, ওহীর পরিচয়, কুরআন শিক্ষার ফযিলত, কুরআনের মুজিযা, কুরআনের আদব ও কুরআন তিলাওয়াত সম্পর্কিত আলোচনা স্থান পেয়েছে। এই অধ্যায়টি পড়ে কিশোর-কিশোরীরা কুরআনের প্রতি আগ্রহী হয়ে ওঠবে ইনশাআল্লাহ। তৃতীয় অধ্যায়ে ইবাদাতের বর্ণনা দেওয়া হয়েছে। বলা যায়

ছোটদের ইবাদাতের প্রয়োজনীয় সব বিষয় সন্নিবেশিত হয়েছে এ অধ্যায়ে। চতুর্থ ও পঞ্চম অধ্যায়ে এসেছে যথাক্রমে আদব ও আখলাকের বিবরণ। এ দুটি অধ্যায় ছোটদের ইসলামী মানস গঠনে কাজ করবে।

বইটির প্রধান বৈশিষ্ট্য হচ্ছে, প্রতিটি হাদীস এবং মাসআলা-মাসাইলের প্রয়োজনীয় স্থানগুলোতে তথ্যসূত্র উল্লেখ করা হয়েছে। ফলে নিঃসংকোচে বাচ্চাদের পাঠদান করা যাবে। সাথে সাথে বাংলা ভাষায় প্রাথমিক দ্বীনি তালিম হাসিল করতে ছোটদের যে ক্লান্তিকর পথ পাড়ি দিতে হয়, সে কষ্টও অনেকটা কমবে।

ছয় থেকে দশ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য বইটি রচিত। মাদরাসা, স্কুল ও আফটার স্কুল বিভিন্ন প্রতিষ্ঠানের দ্বীনিয়াত বই হিসেবে পাঠদানের উপযোগী।

আধুনিক ইসলামী সাহিত্যের পথিকৃত *মাকতাবাতুল ফুরকান* থেকে বইটি প্রকাশিত হচ্ছে। প্রকাশনার কাজে যে যেভাবে যুক্ত হয়েছেন, আল্লাহ তাআলা সবার প্রচেষ্টা কবুল করুন। সবাইকে দুনিয়া ও আখিরাতে জাযায়ে খায়ের দান করুন। আমীন।

হামদুল্লাহ লাবীব
১ রবিউস সানী, ১৪৪৪



بُنِيَ الإِسْلاَمُ عَلَى خَمْسٍ شَهَادَةِ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، وَإِقَامِ الصَّلاَةِ، وَإِيتَاءِ الزَّكَاةِ، وَالْحَجِّ، وَصَوْمِ رَمَضَانَ

ইসলামের ভিত্তি পাঁচটি : আল্লাহ ব্যতীত প্রকৃত কোনো উপাস্য নেই এবং নিশ্চয় মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আল্লাহর রাসূল—এ কথার সাক্ষ্য প্রদান করা। নামায যথাযথরূপে আদায় করা। যাকাত আদায় করা। হজ আদায় করা। রমযানে রোযা পালন করা।

—সহীহ বুখারী, হাদীস নং ৮

# সূচিপত্র


## প্রথম অধ্যায় : ঈমান

পাঠ-১ : ঈমান কী? ১২
পাঠ-২ : কালিমা ১৩
পাঠ-৩ : ইসলামের ভিত্তি কয়টি? ১৪
পাঠ-৪ : ঈমানের শাখা কয়টি? ১৫
পাঠ-৫ : আল্লাহর নিরানব্বই নাম ১৬
পাঠ-৬ : দ্বীনের মৌলিক প্রশ্ন ২২
পাঠ-৭ : আল্লাহর পরিচয় ২৩
পাঠ-৮ : তাওহীদ ২৪
পাঠ-৯ : ফেরেশতা ২৫
পাঠ-১০ : আসমানী কিতাব ২৬
পাঠ-১১ : নবী ও রাসূল ২৭
পাঠ-১২ : মুহাম্মাদ সা. ২৯
পাঠ-১৩ : কিয়ামত দিবস ৩০
পাঠ-১৪ : তাকদীর ৩১
পাঠ-১৫ : আরও কিছু জরুরী বিষয় ৩২

## দ্বিতীয় অধ্যায় : কুরআন

পাঠ-১ : কুরআনের পরিচয় ৩৬
পাঠ:২ : ওহীর পরিচয় ৩৭
পাঠ:৩ : কুরআন শিক্ষার ফযিলত ৩৮
পাঠ-৪ : কুরআনের মুজিযা ৩৯
পাঠ-৫ : কুরআনের আদব ৪২
পাঠ-৬ : কুরআন তিলাওয়াত ৪৩







## তৃতীয় অধ্যায় : ইবাদাত

পাঠ-১ : নিয়ত ৪৬
পাঠ-২ : অযু ৪৭
পাঠ-৩ : নামায ৪৯
পাঠ-৪ : রোযা ৭৩
পাঠ-৫ : হজ ৭৬
পাঠ-৬ : যাকাত ৭৮

## চতুর্থ অধ্যায় : আদব

পাঠ-১ : মসজিদের আদব ৮২
পাঠ-২ : সালামের আদব ৮৪
পাঠ-৩ : পোশাকের আদব ৮৬
পাঠ-৪ : পানাহারের আদব ৮৮
পাঠ-৫ : ঘুমের আদব ৯২
পাঠ-৬ : ঘুম থেকে ওঠার আদব ৯৩
পাঠ-৭ : ইস্তিঞ্জার আদব ৯৪
পাঠ-৮ : হাঁচির আদব ৯৬

## পঞ্চম অধ্যায় : আখলাক

দুটি হাদীস ৯৮
পাঠ-১ : পরনিন্দা ও পবিত্র যবান ৯৯
পাঠ-২ : ইনশাআল্লাহ ১০১
পাঠ-৩ : রাগ দমন, সততা ও আত্মীয়তা ১০২
পাঠ-৪ : মা-বাবার সঙ্গে সদাচরণ ১০৪
পাঠ-৫ : উস্তাদের সঙ্গে সদাচরণ ১০৫
পাঠ-৬ : মুসলিমদের সঙ্গে সদাচরণ ১০৬
পাঠ-৭ : বড়দের সঙ্গে সদাচরণ ১০৮
পাঠ-৮ : প্রতিবেশীদের সঙ্গে সদাচরণ ১০৯
পাঠ-৯ : রোগী দেখা ১১০

## প্রথম অধ্যায়

# ঈমান



পাঠ-১

## ঈমান কী?

ঈমান হচ্ছে মানুষের সবচেয়ে বড় সম্পদ। যার ঈমান আছে, সে সৌভাগ্যবান। আর যার ঈমান নেই, সে হতভাগা। একজন মুসলিমের জন্য উল্লেখিত এই বিষয়গুলোর ওপর ঈমান আনা, অর্থাৎ বিশ্বাস করা আবশ্যক :

✓ ১। মহান আল্লাহকে বিশ্বাস করা।
✓ ২। তাঁর ফেরেশতাগণকে বিশ্বাস করা।
✓ ৩। তাঁর কিতাবসমূহকে বিশ্বাস করা।
✓ ৪। তাঁর রাসূলগণকে বিশ্বাস করা।
✓ ৫। কিয়ামত দিবসকে বিশ্বাস করা।
✓ ৬। তাকদিরের ভালো মন্দকে বিশ্বাস করা।

আমাদের প্রিয় নবীজী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঈমান সম্পর্কিত এ কথাগুলো বলেছেন। তবে চলো, সবগুলো কথা তাঁর মুখ থেকে আরও একবার শোনে নিই। তিনি বলেন, ঈমান হচ্ছে, আল্লাহ, তাঁর সকল ফেরেশতা, তাঁর কিতাবসমূহ, তাঁর প্রেরিত নবীগণ ও কিয়ামত দিবসের ওপর তুমি ঈমান রাখবে; আর তাকদীর এবং এর ভালো মন্দের প্রতিও তুমি ঈমান রাখবে।[১]

---

[১] *সহীহ মুসলিম*, ১।

পাঠ-২

# কালিমা

### কালিমায়ে তাইয়িবা

لَآ إِلٰهَ إِلَّا اللّٰهُ مُحَمَّدٌ الرَّسُوْلُ اللّٰهِ

আল্লাহ ছাড়া কোনো উপাস্য নেই, মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহর প্রেরিত রাসূল।[২]

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি আন্তরিকভাবে বলবে, লা ইলাহা ইল্লাল্লাহ—আল্লাহ ছাড়া কোনো উপাস্য নেই, সে জান্নাতে প্রবেশ করবে।[৩]

### কালিমায়ে শাহাদাত

أَشْهَدُ أَنْ لَّا إِلٰهَ إِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ ، وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ

আমি সাক্ষ্য দিচ্ছি, আল্লাহ ব্যতীত আর কোনো উপাস্য নেই এবং তিনি এক, তাঁর কোনো শরীক নেই। মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর বান্দা ও রাসূল।[৪]

এই দুটি কালিমা যদি কেউ মুখে উচ্চারণ করে এবং মনে প্রাণে বিশ্বাস করে, আল্লাহর আদেশ-নিষেধ মেনে চলে, এ অবস্থার ওপরই তার মৃত্যু হয়, সে জান্নাতে প্রবেশ করবে।

---

[২] *জামিউস সগীর লিস সুয়ূতী*, হাদীস : ৪১৮৬।
[৩] *মুসনাদে আবু ইয়া'লা*।
[৪] *সুনানে নাসায়ী*, হাদীস : ৬৭৯।



পাঠ-৩

# ইসলামের ভিত্তি কয়টি?

তাঁবু দেখেছো কখনো? কাপড় দিয়ে তৈরি ঘরকে তাঁবু বলা হয়। তাঁবু তৈরি করতে দরকার হয় কমপক্ষে পাঁচটি খুঁটি। চার কোণে চারটি। আর মাঝখানে একটি। এই মোট পাঁচটি খুঁটি প্রয়োজন পড়ে তাঁবু খাটাতে। ঠিক তেমনি ইসলামেরও আছে পাঁচটি খুঁটি। পাঁচটি স্তম্ভ। আর শুধু খুঁটি দাঁড় করালেই তো তাঁবু হয়ে যায় না, এর জন্য আরও জিনিসের প্রয়োজন পড়ে। ভেতরটা সুন্দর করে গুছাতে লাগে আরও বহু কিছু। সুতরাং বুঝতেই তো পারলে, সে পাঁচটি খুঁটি দিয়ে তৈরি হয় ইসলামের মূল ভিত্তি। তবে এসো, ইসলামের সে মূল ভিত্তিগুলো কী কী আমরা জেনে নিই :

- ✓ ১। আল্লাহ ছাড়া কোনো উপাস্য নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর বান্দা ও তাঁর রাসূল—এ কথার সাক্ষ্য দেওয়া।
- ✓ ২। নামায যথাযথরূপে আদায় করা।
- ✓ ৩। যাকাত আদায় করা।
- ✓ ৪। হজ পালন করা।
- ✓ ৫। রমযান মাসে রোযা পালন করা।

দেখো, এই পাঁচটি বিষয় আমাদের নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কত সহজ করে বলেছেন। তিনি বলেন, ইসলামের ভিত্তি পাঁচটি : 'আল্লাহ ব্যতীত প্রকৃত কোনো উপাস্য নেই এবং নিশ্চয় মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আল্লাহর রাসূল—এ কথার সাক্ষ্য প্রদান করা। নামায যথাযথরূপে আদায় করা। যাকাত আদায় করা। হজ আদায় করা। রমযানে রোযা পালন করা।'[৫]

---

[৫] *সহীহ বুখারী*, ৮।